দৈনিক সংবাদ

তারিখ 12 JUN 1995
পৃষ্ঠা ৫ কলাম ৮

02

## বাউফল ঃ দু'শতাধিক শিক্ষক ৫ মাস অনুদানের টাকা তুলতে পারেনি

বাউফল (পটুয়াখালী), ১১ই জুন (সংবাদদাতা)। - বাউফল থানার ৫০টি বেসরকারি রেজিস্টার্ড প্রাথমিক বিদ্যালয়ের দু'শতাধিক শিক্ষক-শিক্ষিকা দীর্ঘ পাঁচ মাস যাবৎ তাদের মাসিক অনুদানের টাকা ব্যাংক থেকে তুলতে পারছেন না। ফলে এই দুর্মূল্যের বাজারে শিক্ষকরা তাদের পরিবার পরিজন নিয়ে দারুণ সংকটের মধ্যে দিন কাটাচ্ছে।

উল্লেখ্য, শিক্ষকদের রূপালী ব্যাংক থেকে টাকা তোলার নির্দেশ থাকলেও অনুমতিক্রমে একাউন্ট খুলে দীর্ঘ চার বছর যাবৎ শিক্ষকরা স্থানীয় সোনালী ব্যাংক থেকে তাদের মাসিক অনুদানের টাকা তুলে আসছিলেন। কিন্তু হঠাৎ করে সোনালী ব্যাংক থেকে টাকা তোলা বন্ধ করে রূপালী ব্যাংকে আবার নতুন একাউন্ট খুলে টাকা তুলতে বলা হয়েছে। উল্লেখ্য, রূপালী ব্যাংক বাউফল থেকে ১৫ কিলোমিটার দূরে। তদুপরি যাতায়াত ব্যবস্থাও ভাল নয়।